DeKalb County School District
প্রি-কিন্ডারগার্টেন অনলাইন রেজিস্ট্রেশন
প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

2020-2021 Pre-K অনলাইন লটারির অংশগ্রহণকারীরা

এই বিভাগে 2020-2021 অনলাইন লটারি প্রক্রিয়ায় অংশগ্রহণকারী বাবা-মা/অভিভাবক যাদের বাচ্চা ভর্তির সুযোগ পেয়েছে বা অপেক্ষামান তালিকায় আছে তাদের জন্য তথ্য রয়েছে। সকলের জন্য গুরুত্বপূর্ণ তথ্য (Important Information for All) নামের শেষ বিভাগটি পড়তে ভুলবেন না।

যদি লটারিতে আমার বাচ্চা ভর্তির সুযোগ পায় তাহলে তারপর কি করতে হবে?
যদি আপনার বাচ্চা লটারিতে ভর্তির সুযোগ পায়, তাহলে আপনার স্কুলের সঙ্গে শীঘ্রই যোগাযোগ করা হবে। যদি নথি পঠনযোগ্য বা মেয়াদোত্তীর্ণ হয় তাহলে স্কুল আবার নথি পাঠানোর জন্য বলতে পারে। এছাড়াও, স্কুল অবশিষ্ট নথি ইমেল মারফত পাঠানোর অনুরোধ করবে। 30 জুন 2020 তে লটারির পর সমস্ত বাবা-মা/অভিভাবকে অবশিষ্ট নথির তালিকাটি পাঠানো হয়েছে এবং Pre-K ডিস্ট্রিক্ট ওয়েবসাইটেও সহজে পাওয়া যাবে: রেফারেন্সের জন্য www.dekalbschoolsga.org/pre-k।

লটারি প্রক্রিয়ার সময় আমার বাচ্চা অপেক্ষমান তালিকায় থাকলে আমি কি করব?
কোনো শিক্ষার্থী যদি লটারিতে ভর্তির সুযোগ না পায় তাহলে সে স্বয়ংক্রিয়ভাবে অপেক্ষমান তালিকায় স্থান পাবে। সিস্টেম অপেক্ষমান তালিকায় সংখ্যার ভিত্তিতে শিক্ষার্থীদের ক্রম তৈরি করে। অপেক্ষমান তালিকায় বাচ্চার অবস্থান জানাতে তার বাবা-মা/অভিভাবককে ইমেল পাঠানো হয়েছে। আসন প্রত্যাখ্যান করা হলে বা বাতিল হলে স্কুল অপেক্ষমান তালিকার পরবর্তী পরিবারকে জানাবে। একই সময়, আপনার বাচ্চার ভর্তি সুরক্ষিত করার জন্য আপনাকে পরবর্তী ধাপগুলো সম্পন্ন করতে হবে। স্কুল রেজিস্ট্রেশনের ভারপ্রাপ্ত কর্মীকে জানাবে এবং ইমেলে কি কি নথি পাঠাতে হবে তার নির্দেশিকা বাবা-মা/অভিভাবককে জানাবে।

2020-2021 Pre-K অনলাইন লটারিতে অংশগ্রহণ না করা নতুন আবেদনকারীরা

এই বিভাগে 2020- 2021 অনলাইন ভর্তি প্রক্রিয়ায় অংশ নিতে পারেননি এবং/অথবা স্থানীয় স্কুলে অপেক্ষামান তালিকার জন্য আবেদন করেছেন এমন বাবা-মা/অভিভাবকদের জন্য তথ্য রয়েছে। সকলের জন্য গুরুত্বপূর্ণ তথ্য (Important Information for All) নামের শেষ বিভাগটি পড়তে ভুলবেন না।

আমার পরিবার লটারিতে অংশ না নিলে, কিভাবে আমি Pre-K ভর্তির জন্য আবেদন করব?
স্কুলের সঙ্গে যোগাযোগ করে জেনে নিন আসন খালি আছে কিনা। যদি আসন থাকে, তাহলে অনুগ্রহ করে পরবর্তী প্রশ্ন দেখুন। যদি আসন খালি না থাকে, তাহলে আপনি অপেক্ষামান তালিকার জন্য আবেদন করতে পারেন এবং স্কুলের রেজিস্ট্রেশনের ভারপ্রাপ্ত কর্মীকে ইমেল করতে পারেন। আপনার স্কুলের রেজিস্ট্রেশনের ভার কার উপর রয়েছে, সেই নিয়ে আপনি নিশ্চিত না হলে, অনুগ্রহ করে স্কুলে যোগাযোগ করুন। অপেক্ষামান তালিকার আবেদন ডিস্ট্রিক্টের Pre-K ওয়েবসাইটের নীচের দিকে "Apply Now" ট্যাবে পাওয়া যাবে। www.dekalbschoolsga.org/pre-k.

স্কুলে আসন থাকলে, Pre-K এর জন্য রেজিস্টার করার পরবর্তী ধাপগুলো কি কি?
নীচের লিঙ্কে ক্লিক করে ভার্চুয়াল মাধ্যমে 2020-2021 নতুন শিক্ষার্থী রেজিস্ট্রেশনের আবেদন সম্পূর্ণ করুন: https://www.dekalbschoolsga.org/online-registration/new-students/।

2020-2021 নতুন শিক্ষার্থী রেজিস্ট্রেশনের আবেদন সম্পূর্ণ করার পর কী হবে?
আপনার স্থানীয় স্কুল আপনার সঙ্গে যোগাযোগ করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পূর্ণ করতে প্রয়োজনীয় নথি জমা দেয়ার ব্যাপারে জানাবে।

Pre-K এর জন্য আবেদন করতে কোনো শিক্ষার্থীর কোন নথি প্রয়োজন?
নিম্নলিখিত লিঙ্কে থাকা "Lottery Process" ট্যাবে ক্লিক করার মাধ্যমে সমস্ত প্রয়োজনীয় নথির একটি ব্যাপক তালিকা পাওয়া যাবে: https://www.dekalbschoolsga.org/pre-k/।

সকলের জন্য গুরুত্বপূর্ণ তথ্য (Important Information for All)

যদি আমি স্কুল শুরুর সময় টিকাকরণের ফরম 3231 প্রদান না করি তাহলে কি হবে?
DCSD নীতিতে বলা হয়েছে যে, শিশু স্কুল শুরু করার বা মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখের 30 দিনের মধ্যে ফাইলে অবশ্যই তার স্বাস্থ্য টিকাদান ফরম 3231 রাখতে হবে। কোভিড-19 অতিমারীর কারণে, যদি আপনি বৈদ্যুতিন মাধ্যমে এই নথি পেতে ও পাঠাতে সমস্যার সম্মুখীন হন তাহলে অনুগ্রহ করে আপনার স্কুলকে ইমেল করুন। ডিস্ট্রিক্ট কোভিড-19 অতিমারীর পরিস্থিতির উপর অবিরাম নজর রাখবে এবং DeKalb কাউন্টির স্বাস্থ্য পর্ষদ (DeKalb County Board of Health), রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention) এবং জনস্বাস্থ্য বিভাগের (Department of Public Health) নির্দেশ অনুসারে ভবিষ্যতের সিদ্ধান্ত নেবে। স্কুল শুরুর 30 দিনের মধ্যে ফরমটি না দিলে, আপনার বাচ্চা ফরম বা অ্যাপয়েন্টমেন্টের প্রমাণ ছাড়া ক্লাসে ফিরতে পারবে না। অ্যাপয়েন্টমেন্টের পরে কোনো আপডেট ফরম ছাড়া বাচ্চাটি ক্লাসে ফিরতে পারবে না। এই ফরম না দেয়ার কারণে আপনার বাচ্চা টানা 10 দিন অনুপস্থিত থাকলে, প্রি-K পর্যায়ে শিশুর আসন বাতিল হয়ে যাবে।

যদি আমি স্কুল শুরুর সময় শ্রবণ, দৃষ্টিশক্তি, দাঁত ও পুষ্টির ফরম 3300 প্রদান না করি তাহলে কি হবে? DCSD নীতিতে বলা হয়েছে যে, স্কুল শুরু করার বা মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখের 90 দিনের মধ্যে এই ফরম অবশ্যই ফাইলে রাখতে হবে। কোভিড-19 অতিমারীর কারণে, যদি আপনি বৈদ্যুতিন মাধ্যমে এই নথি পেতে ও পাঠাতে সমস্যার সম্মুখীন হন তাহলে অনুগ্রহ করে আপনার স্কুলকে ইমেল করুন। ডিস্ট্রিক্ট কোভিড-19 অতিমারীর পরিস্থিতির উপর অবিরাম নজর রাখবে এবং DeKalb কাউন্টির স্বাস্থ্য পর্ষদ (DeKalb County Board of Health), রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention) এবং জনস্বাস্থ্য বিভাগের (Department of Public Health) নির্দেশ অনুসারে ভবিষ্যতের সিদ্ধান্ত নেবে। স্কুল শুরুর 30 দিনের মধ্যে ফরমটি না দিলে, আপনার বাচ্চা ছাড়া ক্লাসে ফিরতে পারবে না, যার ফলে প্রোগ্রাম থেকে তার নাম সরানো হতে পারে।

Pre-K শিক্ষার্থীদের জন্য কোনো উপস্থিতি নীতি আছে কি?
হ্যাঁ, Pre-K শিক্ষার্থীদের জন্য উপস্থিতি নীতি আছে। কোভিড-19 এর কারণে, উক্ত নীতি সংশোধন করা হয়েছে। Pre-K এর দিন শিক্ষার্থীদের উপস্থিত থাকবে হবে, উক্ত দিনে 1 ঘণ্টা ভার্চুয়াল মাধ্যমে পঠন পাঠন করানো হবে এবং তারপর অবশিষ্ট সময়ে Pre-K শিক্ষকদের প্রদত্ত প্রতিদিনের হোম অ্যাক্টিভিটি করানো হবে। অ্যাপয়েন্টমেন্ট বা অন্য কারণে ক্লাস মিস গেলে, রেকর্ড করা ভার্চুয়াল ইভেন্ট পরে দেখা যাবে। স্কুল খুলে গেলে পুরো শিক্ষাবর্ষ জুড়ে পূর্ণ শিক্ষাদানের দিনে শিক্ষার্থীদের উপস্থিত থাকতে হবে। যদি কোনো বাচ্চা শারীরিক কারণ ছাড়া পরপর দশ দিন অনুপস্থিত থাকে বা আসতে বিলম্ব করে, তাহলে Bright from the Start-এর নির্দেশিকা অনুসারে ক্লাস থেকে অপসারণ করা হবে। এছাড়াও যদি বাচ্চা নিয়মিত বিলম্ব করে বা স্কুল থেকে তাড়াতাড়ি চলে যায় তাহলে কাউন্সেলর এবং/অথবা সমাজকর্মী বাবা-মা/অভিভাবকের সঙ্গে যোগাযোগ করবে।

Pre-K বাবা-মা/অভিভাবকদের জন্য অংশগ্রহণের কোনো প্রয়োজনীয়তা আছে কি?
হ্যাঁ, বাবা-মা/অভিভাবক বছরে কমপক্ষে দুইবার এবং প্রয়োজনে আরও বেশি বাবা-মা/অভিভাবকদের জন্য নির্ধারিত সভা এবং সম্মেলনে অংশ নিতে হবে। কোভিড-19 অতিমারীর কারণে, মিটিং ভার্চুয়াল মাধ্যমে হবে। স্কুল এবং/অথবা Pre-K শিক্ষক কখন মিটিং/কনফারেন্স হবে তা জানাবে এবং উক্ত ভার্চুয়াল মিটিং/কনফারেন্সে যোগ দেয়ার উপযুক্ত লিঙ্ক শেয়ার করবে। (স্কুল খুলে গেলে, এইসব কর্মকাণ্ড আনুমানিক এক ঘন্টা চলবে)।

স্কুল যেহেতু খুলছে তাই Pre-K শিক্ষার্থীদের ভার্চুয়াল রিমোট লার্নিং অভিজ্ঞতার বর্ণনা দিন।
ডিস্ট্রিক্ট সমস্ত Pre-K শিক্ষার্থীদেরকে হোম অ্যাক্টিভিটির একটি 4 সপ্তাহের পত্রক দেবে, যা প্রযুক্তি ছাড়াই সম্পূর্ণ করা যেতে পারে। হোম অ্যাক্টিভিটি প্রতি চার সপ্তাহে ভার্চুয়াল লার্নিংয়ের সময় সাক্ষরতা, অঙ্ক/বিজ্ঞান, সামাজিক মানসিক এবং গ্রস মোটর/মুভমেন্ট লার্নিংয়ের ধারণা অন্বেষণ এবং শিখতে জারি করা হয়। Pre-K শিক্ষক একটি লার্নিং লিঙ্ক প্রদান করবে, যা যে কোনো ইলেক্ট্রোনিক যন্ত্র থেকে ব্যবহার করা যাবে।

আমার যদি এমন কোনো প্রশ্ন থাকে যেটার উত্তর FAQ-তে নেই তখন কী হবে?
Office of Early Childhood এর সঙ্গে PreKRecords@dekalbschoolsga.org মাধ্যমে যোগাযোগ করুন।